

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭২

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ সূরা ফাতিহার পাঠক ও পাঠকের প্রতিপালকের মাঝে বিভক্ত

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ فَاتِحَةَ الْكِتَابِ مَقْسُومَةٌ بَيْنَ الْقَارِئِ وَيَيْنَ رَبِّه

আরবী

772 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُوسَى عَبْدَانُ بِعَسْكَرِ مُكْرَمٍ وَعِدَّةٌ قَالُوا: حَدَّثَنَا أَبُو أَسُامَةَ عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الْرَحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ هُرَيْرَةَ عَنْ أَبِي بْنِ كَعْبِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ أَبِي بْنِ كَعْبِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَم: (يقول اللَّهُ تَعَالَى: مَا فِي التَّوْرَاةِ وَلَا فِي الْإِنْجِيلِ مِثْلُ أُمِّ الْقُرْآنِ وَهِيَ السَّبْعُ الْمَثَانِي وَهِيَ مَقْسُومَةٌ بَيْنِي وَبَيْنَ عَبْدِي وَلِعَبْدِي مَا سأل)

الراوي: أُبي بْن كَعْبِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح أبن حبان

الصفحة أو الرقم: 772 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৭২. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মহান আল্লাহ তা'আলা বলেন, "সূরা ফাতিহার মত সূরা তাওরাতে নেই, ইনজিলেও নেই। সূরাটি বারবার পঠিত সাত আয়াতবিশিষ্ট, এটি আমার ও আমার বান্দার মাঝে বিভক্ত আর আমার বান্দার জন্য তাই রয়েছে, যা সে চায়।"[1]



আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "সূরা ফাতিহার মত সূরা তাওরাতে নেই, ইনজিলেও নেই" এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ তা'আলা তাওরাত ও ইনজিল পাঠকারীকে ততটা সাওয়াব দেন না, যতটা সাওয়াব দেন সূরা ফাতিহা পাঠকারীকে। কেননা মহান আল্লাহ নিজ অনুগ্রহে এই জাতীকে অন্যান্য জাতীর উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন এবং কালামুল্লাহ পাঠের জন্য এই জাতীকে অন্যান্য জাতীর চেয়ে বেশি অনুগ্রহ করেছেন। এটা তাঁর পক্ষ থেকে এই জাতীর জন্য অনুগ্রহ আর অন্যান্য জাতীর প্রতি ইনসাফ।"

ফুটনোট

[1] যিয়াদাতুল মুসনাদ: ৫/১১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৫০০; হাকিম: ১/৫৫৭; তিরমিযী: ৩১২৫; নাসাঈ: ২/১৩৯।

আল্লামা শুআইব আল আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২১৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন